74

ভোরের কাগজ

তারিখ JUL 1 9 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

# ক্যাম্পাসে হল প্রভোস্টের বিরুদ্ধে ছাত্রদলের বিক্ষোভ সমাবেশ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীমউদদীন হলের প্রভোস্টের পদত্যাগের দাবিতে ছাত্রদল বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে। হলে ছাত্রদলের আবাসিক কর্মীদের সিট বাতিল করে ছাত্রলীগ কর্মীদের বরাদ্দ দেওয়ায় তারা উক্ত কর্মসূচি পালন করে।

সমাবেশে নেতৃবৃন্দ বলেন, হল প্রভোস্ট ড. মেজবাহউদ্দিন জসীমউদদীন হলকে আওয়ামী ছাত্রাবাসে পরিণত করেছেন। হল ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদকের বরাদ্দকৃত সিট বাতিল করে ছাত্রলীগ কর্মীদের বরাদ্দ দেওয়া হচ্ছে। এ অনিয়ম বন্ধ না হলে ছাত্রদল বৃহত্তর আন্দোলন গড়ে তুলবে।

উপাচার্য দপ্তরের সামনে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন মনির হোসেন। বক্তব্য রাখেন মঞ্জুর এ এলাহী, মনোয়ার হোসেন রানা, এ বি এম মোশারফ হোসেন প্রমুখ।